# পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

## পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প

### প্রকল্প পরিচালকের কার্যালয়

### রাঙ্গামাটি

নং: ২৯.৩১.০০০০.০১৭.১৫০.২০১৮/৪৫২ তারিখ : ০৪ /০২/২০২১ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড-এর আওতাধীন পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান শীর্ষক প্রকল্পভুক্ত ম্রো/রুমা/আলীকদম ও রাজস্থলী আবাসিক বিদ্যালয়সমূহে নিম্ন বর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | সাকুল্য বেতন/গ্রেড | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রধান শিক্ষক | ০১ | টাকা-৪২,১০০/- গ্রেড-০৭ | অনূর্ধ্ব ৪০ বৎসর | বিএড/সমমানসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রী। কোন মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | সহকারী শিক্ষক (বাংলা) | ০১ | টাকা-৩৩,৭০০/- গ্রেড-০৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএড/সমমানসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩ | সহকারী শিক্ষক (ইংরেজী) | ০১ | টাকা-৩৩,৭০০/- গ্রেড-০৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএড/সমমানসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৪ | সহকারী শিক্ষক (গণিত) | ০১ | টাকা-৩৩,৭০০/- গ্রেড-০৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএড/সমমানসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৫ | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | ০২ | টাকা-৩৩,৭০০/- গ্রেড-০৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএড/সমমানসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৬ | প্রশিক্ষক (ইলেকট্রিক্যাল) | ০১ | টাকা-২৪,৭০০/- গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সংশ্লিষ্ট ট্রেডে ২য় বিভাগ/ সমমানসহ ডিপ্লোমা পাশ হতে হবে। ডিপ্লোমা ডিগ্রী ব্যতীত শিক্ষা জীবনে অন্যান্য স্তরে সর্বোচ্চ ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য। |
| ৭ | প্রশিক্ষক (টেইলারিং ও ড্রেস মেকিং) | ০৮ | টাকা-২৪,৭০০/- গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সংশ্লিষ্ট ট্রেডে ২য় বিভাগ/ সমমানসহ ডিপ্লোমা পাশ হতে হবে। ডিপ্লোমা ডিগ্রী ব্যতীত শিক্ষা জীবনে অন্যান্য স্তরে সর্বোচ্চ ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য। |
| ৮ | সহকারী লাইব্রেরিয়ান | ০১ | টাকা-২৪,৭০০/- গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতক/সমমান অথবা স্নাতকসহ লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা পাশ। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৯ | ল্যাব এসিস্টেন্ট (কম্পিউটার) | ০৩ | টাকা-১৫,০০০/- গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কারিগরি শিক্ষা বোর্ড থেকে সংশ্লিষ্ট ট্রেডে ২য় বিভাগ/ সমমানসহ এইচ.এস.সি পাশ হতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ১০ | ল্যাব এসিস্টেন্ট (ইলেকট্রিক্যাল) | ০২ | টাকা-১৫,০০০/- গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কারিগরি শিক্ষা বোর্ড থেকে সংশ্লিষ্ট ট্রেডে ২য় বিভাগ/ সমমানসহ এইচ.এস.সি পাশ হতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ১১ | ল্যাব এসিস্টেন্ট (টেইলারিং ও ড্রেস মেকিং) | ০২ | টাকা-১৫,০০০/- গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কারিগরি শিক্ষা বোর্ড থেকে সংশ্লিষ্ট ট্রেডে ২য় বিভাগ/ সমমানসহ এইচ.এস.সি পাশ হতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে। |
| ১২ | দপ্তরী | ০১ | টাকা-১৪,৭০০/- গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | অষ্টম শ্রেণি/JSC/JDC |
| ১৩ | বাগানমালী কাম পাম্প চালক | ০১ | টাকা-১৪,৭০০/ গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | অষ্টম শ্রেণি/JSC/JDC |
| | মোট | ২৫ | | | |

**আবেদন পদ্ধতি ও শর্তাবলী :**

১। নিম্নলিখিত বিষয়াবলী উল্লেখপূর্বক আবেদন আগামী ২৫ ফেব্রুয়ারী, ২০২১ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি-এর বরাবরে দাখিল করতে হবে :

(ক) আবেদনকারীর নাম (খ) মাতা ও পিতার নাম (গ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ঘ) শিক্ষাগত যোগ্যতা (ঙ) অভিজ্ঞতা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ ও ২৫/০২/২০২১ খ্রি: তারিখে বয়স (ঝ) যোগাযোগের জন্য মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা ।

২। আবেদনপত্রের সঙ্গে নিম্ন বর্ণিত ডকুমেন্ট সংযুক্ত করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(খ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(গ) অভিজ্ঞতা ও অন্যান্য সনদের সত্যায়িত কপি।
(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র প্রদত্ত জাতীয়তা ও জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত অনুলিপি।
(চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
(ছ) প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পোষ্য সমর্থনে প্রমাণপত্র।

৩। সরকারী/আধাসরকারী ও অন্যান্য স্বায়ত্তশাসিত সংস্থার প্রার্থীগণকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে।

৪। পার্বত্যাঞ্চলের স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এরূপ ক্ষেত্রে প্রার্থীদের সংশ্লিষ্ট সার্কেল চীফ/জেলা প্রশাসক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৬। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/ তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত/নিয়োগপ্রাপ্ত হলেও আবেদনপত্র/নিয়োগ বাতিল এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে।

৮। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

৯। আবেদনকারীকে নিয়োগ পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ১ হতে ০৮ পর্যন্ত পদে ৫০০/- (পাঁচশত) টাকা এবং ক্রমিক নং ০৯ হতে ১৩ পর্যন্ত ৩০০/- (তিনশত) টাকা প্রকল্পের ব্যাংক হিসাব "এসএসএসসিএইচটি (বিবিধ)", নং-৫৪২৩৯০২০০০৩৭১, সোনালী ব্যাংক, রাঙ্গামাটি শাখায় অনলাইনের মাধ্যমে জমা করে রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। বিজ্ঞপ্তিতে প্রকাশিত নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে। এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

১২। সাক্ষাৎকারের জন্য প্রার্থীদেরকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগের বিষয়ে যেকোন সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৪। যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে (www.chtdb.gov.bd) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রকাশ করা হবে।

০৪/০২/২০২১
(ড. প্রকাশ কান্তি চৌধুরী)
প্রকল্প পরিচালক
পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
রাঙ্গামাটি।

পিসি-২০৬/২১ (১৫"×৪)